

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.১৬৪.০৬.১৯-৩১

তারিখ: ০৪/০২/২০২৪ খ্রি:

বিষয়: উপজেলা সাংস্কৃতিক কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার 'উপজেলা সাংস্কৃতিক কমিটি'র এক সভা আগামী ০৫/০২/২০২৪ খ্রি: তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক: ০১। চেয়ারম্যান ২নং ইউপি, ৪নং ইউপি ও ৮নং ইউপি।

০২। মহিলা সদস্য (সংরক্ষিত), ১নং ওয়ার্ড ১১ নং পলাশবাড়ী ইউপি।



(মোছা: নাসরিন জাহান)


উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.১৬৪.০৬.১৯-৩১

তারিখ: ০৪/০২/২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর
- ৪। অফিস নথি।



(মোছা: নাসরিন জাহান)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

দিনাজপুর জেলাধীন বিরল উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২০২৪ খ্রি: মাসের সাংস্কৃতিক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: মাহামুদুল হাসান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

তারিখ: ০৫/০২/২০২৪ খ্রি:।

সময়: সকাল ১০.৩০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে তিনি ভাষা আন্দোলনে শহীদদের পবিত্র আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। সদস্য সচিব গত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করলে সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অত:পর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় উপস্থিত সদস্যগণ জানান ২১ ফেব্রুয়ারী শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে অত্র উপজেলার ক্ষুদ্র নৃগোষ্ঠী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে। সভাপতি বলেন, সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণে শিশুদের চিত্রাংকন ও বড়দের রচনা প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে। প্রতিযোগীদের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কার বিতরণ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনাশেষে সভাপতি ও উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষন করেন। অত:পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

- ০১। বিরল উপজেলার ক্ষুদ্র নৃগোষ্ঠী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত।
 - ০২। বিরল উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণে শিশুদের চিত্রাংকন ও বড়দের রচনা প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত।
 - ০৩। সকল প্রতিযোগিতার ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কৃত করার সিদ্ধান্ত।
- সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো:মাহামুদুল হাসান)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর ও
সভাপতি
উপজেলা সাংস্কৃতি কমিটি
বিরল, দিনাজপুর


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-৩৩

তারিখ: ০৫/০২/২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
- ৪। অফিস নথি।


(মোছা: নাসরিন জাহান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর